দৈনিক সংবাদ

তারিখ 08 JAN 1991 পৃষ্ঠা ১ কলাম ৫

167

# এরশাদ ও সহযোগীদের বিচারের দাবীতে ছাত্রঐক্যের সমাবেশ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

সর্বদলীয় ছাত্রঐক্যের নেতৃবৃন্দ অবিলম্বে এরশাদকে কারাগারে প্রেরণ, অবৈধ অস্ত্র উদ্ধার, এরশাদের সহযোগীদের গ্রেফতার ও বিচার দাবী করে বলেছেন, স্বৈরাচারের নায়ক এবং তার সহযোগীদের বিচার না হওয়া পর্যন্ত ছাত্রসমাজ ঘরে ফিরে যাবে না।

গতকাল সোমবার ছাত্রঐক্য আহূত দেশব্যাপী বিক্ষোভ সমাবেশ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আয়োজিত সমাবেশে এই অঙ্গীকার

(৭-এর পাতায় দেখুন)

## ছাত্রঐক্য

(১ম পাতার পর)

ব্যক্ত করা হয়।

অপরাজেয় বাংলার পাদদেশে আয়োজিত সমাবেশে ডাকসু জিএস খায়রুল কবীর খোকন, হাবিবুর রহমান হাবিব ও নাজমুল হক প্রধান বক্তব্য রাখেন।

সমাবেশে খায়রুল কবীর খোকন বলেন, গণতন্ত্রের বিজয়কে নস্যাৎ করার জন্য একটি মহল সন্ত্রাসী তৎপরতা চালাচ্ছে। সম্প্রতি কারাবিদ্রোহ ও গার্মেন্টস শ্রমিকদের বিদ্রোহে এই গোষ্ঠী মদদ যোগাচ্ছে।

তিনি সকল ষড়যন্ত্রের বিরুদ্ধে ছাত্রসমাজকে রুখে দাঁড়ানোর আহ্বান জানিয়ে বলেন, সকল বিভেদ ষড়যন্ত্রের বিরুদ্ধে ছাত্রসমাজ ঐক্যবদ্ধ থাকবে।

হাবিবুর রহমান হাবিব বলেন, অস্ত্রধারী এবং মস্তানদের গ্রেফতার না করে আসন্ন জাতীয় সংসদ নির্বাচন কিছুতেই শান্তিপূর্ণভাবে করা সম্ভব নয়।

তিনি অবিলম্বে মিজান চৌধুরী, কাজী জাফরসহ জাতীয় পার্টির সকল দুর্নীতিবাজ এমপি, মন্ত্রীদের গ্রেফতার ও বিচারের দাবী জানিয়ে বলেন, কোন রাজনৈতিক দল যদি এসব স্বৈরাচারের দোসরদের নির্বাচনে মনোনয়ন প্রদান করে তবে ছাত্রসমাজ তাদের প্রতিরোধ করবে।

নাজমুল হক প্রধান বলেন, একটি মহল আসন্ন জাতীয় সংসদ নির্বাচন সন্ত্রাসের মাধ্যমে পণ্ড করার চিন্তা করছেন। তিনি বলেন, নির্বাচনের বিরুদ্ধে যেকোন ষড়যন্ত্র প্রতিহত করা হবে। প্রয়োজনে '৭১-এর মত '৯১ সালে আমরা আরেকটি মুক্তিযুদ্ধে অংশ নেব।

সমাবেশশেষে একটি বিক্ষোভ মিছিল রাজপথ প্রদক্ষিণ করে।

### খুলনা

খুলনা থেকে জেলা বার্তা পরিবেশকের ফোন : গতকাল সকালে সর্বদলীয় ছাত্রঐক্যের উদ্যোগে নগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিক্ষোভ মিছিল বের করা হয়। পরে আজম খান কমার্স কলেজে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন ইসমাইল হোসেন, কার্তিক চক্রবর্তী, গোলাম মোস্তফা, বিনয় কুন্ডু, শওকত মাহমুদ চৌধুরী, অসিত রায় প্রমুখ।

### গাজীপুর

গাজীপুর থেকে নিজস্ব সংবাদদাতার ফোন : জাতীয় পার্টির রাজনীতি নিষিদ্ধ করার দাবীতে সর্বদলীয় ছাত্রঐক্য গাজীপুর শহরে একটি বিক্ষোভ মিছিল এবং জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে একটি বিক্ষোভ সমাবেশের আয়োজন করে।